

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭১. রুকু' হতে মাথা উঠিয়ে যা বলতে হয়

# بَابِ الْقَوْلِ بَعْدَ رَفْعِ الرَّأْسِ مِنْ الرُّكُوعِ

#### আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِهِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا وَإِذَا قَالَ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ وَإِذَا صَلَّى عَائِمًا فَصِلُوا قِيَامًا وَإِذَا صَلَّى جَالِسًا فَصِلُوا جُلُوسًا أَجْمَعُونَ الْحَمْدُ وَإِذَا صَلَّى جَالِسًا فَصِلُوا جُلُوسًا أَجْمَعُونَ

#### বাংলা

১৩৪৭. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "ইমাম এজন্যই বানানো হয়, যাতে তার অনুসরণ করা হয়। ফলে সে যখন তাকবীর দিবে, তখন তোমরাও তাকবীর দিবে। আর সে যখন রুকৃ' করে, তোমরাও তখন রুকৃ' করেবে, আবার সে যখন সাজদা করে, তোমরাও সাজদা করেবে। আর সে যখন 'সামি'আল্লাহু লিমান হামিদাহ্' বলে, তোমরা তখন বলবে, 'আল্লাহুম্মা রব্বানা লাকাল হামদ'। আর সে দাঁড়িয়ে সালাত আদায় করলে তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে। আর সে বসে সালাত আদায় করবে। তামরাও সকলেই বসে সালাত আদায় করবে।"[1]

### ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ৭২২; ৪১৪; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৫৯০৯ ও সহীহ ইবনু হিব্বান নং ২১০৭, ২১১৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=81630}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন